**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**প্রতিরক্ষা মন্ত্রণালয়**
**আইএসপিআর**
**www.ispr.gov.bd**
www.mod.gov.bd

স্মারক নং: ২৩.১৬.০০০০.০০২.১১.০০১.২৫

তারিখ: ২৫ বৈশাখ ১৪৩২
২৮ এপ্রিল ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) এর নিম্নোক্ত পদে অস্থায়ীভাবে সরাসরি নিয়োগের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট থেকে অনলাইনে (http://mod.teletalk.com.bd ওয়েবসাইটে) দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্র: নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জা. বে. স্কেল, ২০১৫ অনুযায়ী) | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১। | সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) ১১,০০০-২৬,৫৯০/- | ০১টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৮০ শব্দ এবং বাংলায় ৫০ শব্দ<br>(ঘ) কম্পিউটার টাইপিং সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ ও বাংলায় ২৫ শব্দ; |
| ২। | কম্পিউটার মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী (গ্রেড-১৬) ৯,৩০০-২২,৪৯০/- | ০১টি | (ক) কোন স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড হতে ন্যূনতম উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন এবং<br>(খ) প্রতি মিনিটে বাংলা ২০ শব্দ ও ইংরেজী ৩০ শব্দ মুদ্রাক্ষর লিখনে সক্ষম হতে হবে। |
| ৩। | ড্রাইভার (গ্রেড-১৬) টাকা ৯৩০০-২২৪৯০/- | ০১টি | অষ্টম শ্রেণী পাশ বৈধ লাইসেন্সসহ হালকা যানবাহন চালনা জানিতে হইবে। অভিজ্ঞতা অগ্রগণ্য। |
| ৪। | অন্ধকার কক্ষ সহকারী (গ্রেড-১৮) টাকা ৮৮০০-২১৩১০/- | ০১টি | অষ্টম শ্রেণী উত্তীর্ণ।<br>ফটোকেমিক্যাল তৈরী ছবি ওয়াশিং, গ্রেজিং, ট্রিমিং ইত্যাদির জ্ঞানসহ ফটো-গ্রাফিক ষ্টুডিওতে কাজের অভিজ্ঞতা এবং অন্ধকার কক্ষের সরঞ্জাম রক্ষণাবেক্ষণের জ্ঞান ও ক্ষমতা। |
| ৫। | অফিস সহায়ক (গ্রেড-২০) টাকা ৮,২৫০-২০,০১০/- | ০২টি | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

**শর্ত ও নিয়মাবলী:**

১। সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

২। বর্ণিত পদসমূহে ০১/০৫/২০২৫ খ্রি. তারিখে প্রার্থীর বয়স ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। ক্রমিক নম্বর ১ সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর এ বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বিভাগীয় প্রার্থী বলতে এরূপ বুঝাবে যিনি আন্ত:বাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) এর রাজস্ব খাতে সৃষ্ট পদে অন্যূন ০২ (দুই) বছর স্থায়ী বা অস্থায়ীভাবে চাকুরিরত। উল্লেখ্য, বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৩। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর option select করতে হবে। চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

৪। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই নিম্নবর্ণিত সনদসমূহের মূল কপি প্রদর্শন করতে হবে এবং একসেট সত্যায়িত কপি জমা দিতে হবে:

(ক) সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (প্রযোজ্যক্ষেত্রে), নাগরিকত্ব, চারিত্রিক সনদ এবং সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি রঙিন ছবি;

(খ) জাতীয় পরিচয়পত্র, পূরণকৃত Application Form এবং Admit Card;

(গ) মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ;

(ঘ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ; এবং

(ঙ) শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ।

CamScanner

৫। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলি:

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://mod.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ৩০ এপ্রিল ২০২৫ সকাল ১০:০০ টা।

(ii) Online-এ আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময়: ২০ মে ২০২৫ বিকাল ০৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ 100KB ও স্বাক্ষরের সাইজ 60KB এর মধ্যে হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা/ঘষা মাজা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (ওয়েবে) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ২টি এসএমএস করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক ১-৩ নম্বর পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২ (বার) টাকাসহ অফেরতযোগ্য মোট ১১২/- (একশত বার) টাকা, ক্রমিক ৪ হতে ৫ নম্বর পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ০৬ (ছয়) টাকাসহ অফেরতযোগ্য মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা এবং অনগ্রসর নাগরিক (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) পরীক্ষার ফি বাবদ ৫০ (পঞ্চাশ) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ (ভ্যাটসহ) ৬/-(ছয়) টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ৫৬ (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য Online আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

**প্রথম SMS**: ISPR<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: ISPR ABCDEF
Reply: Applicant's Name, TK-112/56 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type ISPR<Space>Yes<space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS**: ISPR<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: ISPR Yes 12345678
Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for ISPR Application for (post name). User ID is (ABCDEF) and password (xxxxxxxx)

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://mod.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত এবং মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন:

(i) User ID জানা থাকলে: ISPR<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: ISPR Help User ABCDEF

(ii) PIN Number জানা থাকলে: ISPR<space>Help<space>PIN<space>PIN Number & Send to 16222. Example: ISPR Help PIN 12345678

(ঝ) পত্রিকা ছাড়াও প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.mod.gov.bd, আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) এর ওয়েবসাইট www.ispr.gov.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.mod.gov.bd হতে জানা যাবে।

CS CamScanner

(ঞ) Online-এ আবেদনের ক্ষেত্রে কোনো সমস্যা হলে যেকোনো টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা ds.admin@mod.gov.bd ই-মেইল এ যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে (Mail/মেসেজ এর subject-এ Organization Name ISPR, Post Name: ... Applicant's User ID (প্রযোজ্য ক্ষেত্রে) ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ট) **ডিক্লারেশনঃ** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৬। আবেদনের শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

৭। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান ও কোটা নীতি এবং পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধানে কোনরূপ সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৮। নিয়োগ সংক্রান্ত বিষয়ে যেকোন ধরণের তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে এবং কোন কারণ উল্লেখ ব্যতিত প্রার্থীর প্রার্থীতা বাতিল হবে।

৯। কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১০। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। আবেদনের শর্তাবলিতে উল্লেখ করা হয়নি এরূপ ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

মোহাম্মদ রেজা-উল করিম শাম্মী
সহকারী পরিচালক, আইএসপিআর
ও
সদস্য-সচিব
সরাসরি নিয়োগ/পদোন্নতি/টাইমস্কেল/
সিলেকশন গ্রেড প্রদান বিষয়ক কমিটি
আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর

CamScanner